ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং: ইআবি.কামিল কেন্দ্র.প্রশি.প্র.ক.২০২৩.ভলি-০১.০০১২.০০১৭৮ তারিখ: ০৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

**"অধিভুক্ত মাদরাসা প্রধানগণের একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ" সংক্রান্ত**

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ও প্রাথমিক পাঠদান অনুমতিপ্রাপ্ত সকল মাদরাসার অধ্যক্ষসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাদরাসা প্রধানগণের একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র কর্তৃক **"অধিভুক্ত মাদরাসা প্রধানগণের একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ"** আগামী ২৭ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ রবিবার থেকে শুরু হবে। ধারাবাহিকভাবে অধিভুক্ত ও প্রাথমিক পাঠদান অনুমতিপ্রাপ্ত সকল ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ এই প্রশিক্ষণের আওতাভুক্ত হবেন। প্রশিক্ষণের ১ম পর্ব ৮(আট)টি ব্যাচে বিভক্ত হবে। প্রত্যেক ব্যাচে মনোনীত ৫০(পঞ্চাশ) জন কামিল/ফাজিল মাদরাসার অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ ২ (দুই) দিন ব্যাপী প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন।

প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠান ২৭ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ রবিবার সকাল ০৯.০০ ঘটিকায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় মিলনায়তন, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১ এ অনুষ্ঠিত হবে। প্রধান অতিথি হিসাবে অনুষ্ঠানে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন প্রফেসর ড. মোঃ শামছুল আলম, মাননীয় ভাইস চ্যান্সেলর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। উক্ত অনুষ্ঠানে ১ম ব্যাচের জন্য মনোনীত মাদরাসার অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**বি.দ্র. প্রশিক্ষণে অংশগ্রহণকারী সম্মানিত অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষবৃন্দ বিশ্ববিদ্যালয় হতে প্রশিক্ষণ ভাতা, দৈনিক ভাতা, যাতায়াত ভাতা ও প্রয়োজনীয় প্রশিক্ষণ সামগ্রী প্রাপ্য হবেন।**

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২২/০৪/২৫

(প্রফেসর ড. মোহাম্মদ অলী উল্যাহ)
ডীন
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
মোবাইল: ০১৭১৬ ২৮০৬২৮

<u>সংযুক্তি:</u>
ব্যাচ ভিত্তিক প্রশিক্ষণের জন্য মনোনীত অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষবৃন্দের তালিকা।

স্মারক নং: ইআবি.কামিল কেন্দ্র.প্রশি.প্র.ক.২০২৩.ভলি-০১.০০১২.০০১৭৮ তারিখ: ০৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি: <u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১. ডীন, কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. কোর্স সমন্বয়ক ও রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. দপ্তর প্রধান (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. সভাপতি, গভর্নিং বডি/এডহক কমিটি, ফাজিল ও কামিল মাদরাসা (সকল)।
১০. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, ফাজিল ও কামিল মাদরাসা (সকল)।
১১. অফিস নথি।

22.04.2025
(মুহাম্মদ আখলাকুল আম্বিয়া)
সহকারী রেজিস্ট্রার
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
মোবাইল: ০১৬১৫ ৬২২১৫১